গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ
ক্লাব রোড, বরিশাল
www.food.barisaldiv.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির ২০২৩-২৪ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি	ইকবাল বাহার চৌধুরী আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
সভার তারিখ	২১-০১-২০২৪ খ্রি.
সভার সময়	বিকাল ০৩-০০ ঘটিকা
স্থান	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের সভাকক্ষ
উপস্থিতি	হাজিরা বিবরণী সংযুক্ত

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যগণকে সভাপতি স্বাগত জানান। অতঃপর সকলের সাথে কুশল বিনিময় শেষে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলো :

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়নের অগ্রগতি, অন্তরায় ও প্রতিকার	সভার শুরুতেই আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ৩য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, ৩য় কোয়ার্টারে কার্যক্রম ১.১ (নৈতিকতা কমিটির সভা আয়োজন), ১.২ (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা) ১.৪ (কর্ম -পরিবেশ উন্নয়ন (পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি) ৩.১ (সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ) বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। সভায় ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রাভূক্ত কার্যক্রম বাস্তাবয়নে কোন ধরণে সমস্যা আছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট সকলেই জানান, কার্যক্রম বাস্তবায়নে আপাতত কোন সমস্যা নেই। কার্যক্রমসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হচ্ছে এবং ৩য় কোয়ার্টারের নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন হবে। সভাপতি লক্ষ্যমাত্রার কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য কোয়ার্টারের শেষ সময় পর্যন্ত অপেক্ষা না করে যে কাজ যত দ্রুত বাস্তবান করা সম্ভব সেটা তত দ্রুততার সাথে বাস্তবায়ন করতে বলেন।	১। এই সভার মাধ্যমে লক্ষ্যমাত্রা ১.১ অর্জিত হয়েছে। অন্যান্য ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রাভূক্ত কার্যক্রমসমূহ (১.২, ১.৪ ও ৩.১) নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য কোয়ার্টারের শেষ সময় পর্যন্ত অপেক্ষা না করে যে কাজ যত দ্রুত বাস্তবান করা সম্ভব সেটা তত দ্রুততার সাথে বাস্তবায়ন করতে হবে।	প্রশাসন/হিসাব /উন্নয়ন/নেজারত শাখা ও ফ্রান্ড ডেস্ক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
২	শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন	শুদ্ধাচার সংশ্লিষ্ট আরও কি কি কার্যক্রম ৩য় কোয়ার্টারের বাস্তাবয়ন করা যায় সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনা শেষে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল কার্যালয়ের অফিস ভবনের চারপাশ, পরিদর্শন বাংলো এর চারপাশ, ড্রেনসহ অন্যান্য অপরিস্কার স্থানসমূহ পরিস্কার করার বিষয়টি নিশ্চত করার বিষয়ে বলেন। এই বিষয়ে এ দপ্তরের নেজারত শাখার দায়িত্বে থাকা সহকারী উপ-খাদ্য পরিদর্শক জনাব অনিমেষ হালদারকে দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ দেন।	২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল কার্যালয়ের অফিস ভবনের চারপাশ, পরিদর্শন বাংলো এর চারপাশ, ড্রেনসহ অন্যান্য অপরিস্কার স্থানসমূহ পরিস্কার করার জন্য জনাব অনিমেষ হালদার, সহকারী উপ-খাদ্য পরিদর্শককে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি এ কার্যালয়ে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর মাধ্যমে এবং প্রয়োজনে বাহির থেকে লোক এনে পরিস্কার পরিচ্ছন্নতার কার্যক্রম পরিচালনা করবেন। এপিএ কার্যক্রমের প্রমাণক স্বরূপ পরিস্কার পরিচ্ছন্নতার পূর্বের ছবি ও পরিস্কার পরিচ্ছন্নতার পরের ছবিসহ প্রতিবেদন এ দপ্তরে দাখিল করবেন।	প্রশাসন শাখা ও নেজারত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩-০১-২০২৪
ইকবাল বাহার চৌধুরী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
rcf.bsl@dgfood.gov.bd

তারিখ: ৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ১৩.০১.০০০০.০০০.৩২.১৬৬.১৭.১৮৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/ভোলা/পটুয়াখালী/বরগুনা।;
৩। আঞ্চলিক রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল;
৪। ব্যবস্থাপক, বরিশাল সিএসডি, বরিশাল;
৫। জনাব করিমা সুলতানা, খাদ্য পরিদর্শক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল;
৬। জনাব মোঃ মিজানুর রহমান, প্রধান সহকারী, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল;
৭। জনাব মোঃ ছালাউদ্দিন, অডিটর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল;
৮। জনাব অনিমেষ হালদার, সহকারী উপ-খাদ্য পরিদর্শক, নেজারাত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল এবং
৯। শাখা প্রধান, নেজারত/হিসাব/মজুদ/মাননিয়ন্ত্রন শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।

২৩-০১-২০২৪
ইকবাল বাহার চৌধুরী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক